**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর
(সংস্থাপন শাখা)
(www.dcfaridpur.gov.bd)

নম্বর-০৫.১২.২৯০০.০০৭.১১.০০১.২২- ৬৭

তারিখ ঃ ২৮ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
১২ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

## " নিয়োগ বিজ্ঞপ্তি "

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী অধিশাখার ০৮/০৩/২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০০৯.১৬-৭৪ নং স্মারকের ছাড়পত্রের নির্দেশনা অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর এর সাধারণ প্রশাসনের অধীনস্থ অফিসসমূহে নিম্নবর্ণিত শূন্য পদ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত ফরিদপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে অনলাইনে (http://dcfaridpur.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন (online) এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। **অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।**

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সার্টিফিকেট সহকারী | ০৫ (পাঁচ) টি | গ্রেড-১৬ ও বেতনস্কেল : ৯,৩০০-২২,৪৯০/- | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনার অভিজ্ঞতা;<br>গ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেনন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং- এ দক্ষতা;<br>ঘ) কম্পিউটার কম্পোজে গতি প্রতি মিনিটে বাংলায় কমপক্ষে ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। **প্রার্থীর বয়স ১৯/০২/২০২২ খ্রিঃ তারিখে অবশ্যই ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে।**
ক) সকল প্রার্থীর (বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে ৩০ বছর।
খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর।
গ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার সন্তানাদির ক্ষেত্রে ৩০ বছর।
ঘ) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা,২০২০ অনুসরণ করা হবে।

০৩। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থী'কে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

০৪। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

০৫। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষাসহ ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

০৬। চাকরির জন্য আবেদন আগামী ২০ জানুয়ারি ২০২২ তারিখ সকাল ১০:০০ টা হতে ১৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। **সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।**

০৭। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ :
ক) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র; (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়ন করতে হবে);
খ) ফরিদপুর জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অনলাইন নাগরিকত্ব সনদ;
গ) জাতীয় পরিচয়পত্র/ অনলাইন জন্মনিবন্ধন সনদ;
ঘ) চাকরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তিপত্র;
ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র;
চ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং;

ছ) অন্যান্য কোটা যেমন প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র।

০৮। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

০৯। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসাবে বিবেচিত হবেন না।

১১। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcfaridpur.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ২০ জানুয়ারি ২০২২ সকাল ১০:০০টা।

ii) Online এ আবেদনপত্র জমাদানের **শেষ তারিখ ও সময়: ১৯ ফেব্রুয়ারি ২০২২ বিকাল ৫:০০ টা**। উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগন Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে Telelalk pre-paid mobile SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit **করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।**

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online এ আবেদনপত্র (Application From) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা ) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২(দুইটি) SMS করে আবেদন ফি বাবদ ১০০/-(একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/-(একশত বার) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **" Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না "**।

**প্রথম SMS** : **DCFARIDPUR**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : **DCFARIDPUR ABCDEF**

Reply : Applicant's Name, Tk,112 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DC FARIDPUR Yes PIN and send to 16222.

**দ্বিতীয় SMS** : **DCFARIDPUR**<space>**Yes**<space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example : **DCFARIDPUR YES 12345678**

Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for DCFARIDPUR Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

(চ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে: **DCFARIDPUR**<space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222

Example : **DCFARIDPUR Help User ID 12345678** send to 16222

ii) PIN Number জানা থাকলে : **DCFARIDPUR**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222

Example : **DCFARIDPUR Help PIN 12345678** send to 16222

(ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

চলমান পাতা ০৩

(ঞ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে **১২১** নম্বর অথবা vas.quary@teletalk.com.bd বা dcfaridpur@mopa.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: **DCFARIDPUR**, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১২। অসত্য/ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ক্রটিপুর্ণ/ভূয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর(সংস্থাপন শাখা) www.dcfaridpur.gov.bd এর ওয়েবসাইটে এবং http://dcfaridpur.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dcfaridpur.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১৪। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। বিজ্ঞাপনে উল্লিখিত পদ চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে।

১৬। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

( অতুল সরকার )
জেলা প্রশাসক
ফরিদপুর।
☏: ০৬৩১-৬৩০২২
(e-mail: dcfaridpur @ mopa.gov.bd)

নম্বর-০৫.১২.২৯০০.০০৭.১১.০০১.২২- ৬৭(৫০)

তারিখ ঃ ২৮ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
১২ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক ................................(সকল)
০৫। পুলিশ সুপার, ফরিদপুর।
০৬। সিভিল সার্জন, ফরিদপুর।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফরিদপুর।
০৮। উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিঃ ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।
১০। উপজেলা নির্বাহী অফিসার, ................................(সকল), ফরিদপুর।
১১। সহকারী কমিশনার(ভূমি), ................................(সকল), ফরিদপুর।
১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ...........................................(সকল), জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।
১৩। সিনিয়র তথ্য অফিসার, ফরিদপুর।
১৪। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, ফরিদপুর।
১৫। (ক) সম্পাদক, দৈনিক কালের কন্ঠ, ঢাকা।
(খ) সম্পাদক, দৈনিক ফরিদপুর, ফরিদপুর।

বিজ্ঞপ্তিটি আগামী **১৫.০১.২০২২** তারিখের মধ্যে তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে **বিজ্ঞপ্তির ০৫(পাঁচ) কপি** এবং বিজ্ঞপ্তি প্রকাশের পর নিম্নস্বাক্ষরকারী বরাবর বিল **প্রেরণের জন্য অনুরোধ করা হলো।**

১৬। অফিস কপি/মাস্টার ফাইল।

জেলা প্রশাসক
ফরিদপুর।